



অফিস আদেশ

চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ হাতিয়া, উপজেলাঃ হাতিয়া, জেলাঃ নোয়াখালী-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৫.১০.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৯ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। প্রভাষক (আরবি) ও সহকারী শিক্ষক (কৃষি ও কম্পিউটার) এর শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
- ৩। অধ্যক্ষ, উপাধ্যক্ষের জন্য সুসজ্জিত কক্ষ ও পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
- ৪। অনুপস্থিত শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে উপস্থিত করানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। পুরাতন ভবন সংস্কার, শ্রেণিকক্ষে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় এবং শ্রেণিকক্ষগুলো সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ৬। মাদরাসার যে সকল জমি নামজারী নেই সেসব জমি আগামী ১ বছরের মধ্যে নামজারী করতে হবে এবং হালনাগাদ খাজনা পরিশোধ করে বিশ্ববিদ্যালয়কে লিখিতভাবে জানাতে হবে।
- ৭। প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইয়ের আয়ের খাতে রশিদ নম্বর উল্লেখসহ লিপিবদ্ধ রাখতে হবে। ব্যয় খাতে ডেবিট ভাউচার তৈরী করে ক্রমিক নং উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডির সভার মাধ্যমে আয়-ব্যয়ের অনুমোদন নিতে হবে।
- ৮। ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত অর্থের রশিদ প্রদান করতে হবে।
- ৯। গভর্নিং বডির সভার মাধ্যমে অর্থ কমিটি ও অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে।
- ১০। শিক্ষার্থীদের জন্য নির্ধারিত টয়লেটগুলো সংস্কার করে সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

(Signature)
২১.০৫.২০১৯

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসা

ডাকঘরঃ হাতিয়া, উপজেলাঃ হাতিয়া, জেলাঃ নোয়াখালী।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, চরকৈলাশ হাদিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ হাতিয়া, উপজেলাঃ হাতিয়া, জেলাঃ নোয়াখালী।
- ৮। অফিস নথি।